পশ্চিমবঙ্গ সরকার

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, মুর্শিদাবাদ

নীলামের জন্য বিজ্ঞপ্তি

সরকারী মীনাধার গুলি বন্দোবস্তের জন্য ২০২২-২৩ বৎসরের প্রথম নীলাম

গুরুত্বপুর্ন তারিখের তালিকা

বিশেষ বিবরন	তারিখ এবং সময়
দরপত্র প্রদান	ইং ১৮-০১-২০২২ তারিখ সকাল ১১.০০ হইতে বৈকাল ৪.৩০ পর্যন্ত
দরপত্র খোলা	ইং ২০-০১-২০২২ (সকাল১১.০০ হইতে)

এতদ্বারা নিবন্ধিকৃত সক্রিয় প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের পরিচালন কর্তৃপক্ষগনকে জানানো যাইতেছে যে, ইং ১৯৯১ খৃষ্টাব্দের পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকা এবং পশ্চিমবঙ্গসরকারের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের অদ্যাবধি সংশধিত সরকারি মীনধারা বন্দোবস্ত সম্পরকিত সংশ্লিষ্ট আইন / ধারা এবং এই দপ্তরের ২৫/০২/২০১৬ তারিখের ৭৫৭-এলপি /১এ -৪ /২০১২ নং নোটিফিকেশন অনুযায়ী এবং মাননীয় মুর্শিদাবাদ জেলা সমাহর্তার আদেশানুসারে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে অত্রসহ তালিকাভুক্ত মীনাধারগুলি (তপশীল ক) **১৪২৯ হইতে ১৪৩১ বঙ্গাব্দ** পর্যন্ত বার্ষিক ৫ শতাংশ বৃদ্ধির ভিত্তিতে জলকর বন্দোবস্ত দেওয়ার জন্য উল্লিখিত দিন ও সময়ে মুর্শিদাবাদ জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে ইচ্ছুক মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের কর্তৃপক্ষগনকে গালা **সীলমোহরযুক্ত** বদ্ধখামে এবং নির্দিষ্ট বাক্সে দরপত্র জমা দিতে আহ্বান করা যাইতেছে। নির্দিষ্ট বাক্সব্যতীত অন্য কোথাওদরপত্র ফেলা / দরপত্র প্রত্যাহার গ্রাহ্য হইবে না।

কার্য্য বিবরণী	বিস্তারিত
মুর্শিদাবাদ জেলার অধীনস্ত ০৮ (আট) টি সরকারী মীনাধারের বন্দোবস্ত	ক তপশীল বর্ণিত সরকারী মীনাধার গুলি ১৪২৯ সনের ১লা বৈশাখ হইতে ৩১ শে চৈত্র ১৪৩১ সন পর্যন্ত বন্দোবস্তের জন্য দরপত্র আহ্বান ।
চুক্তির মেয়াদ	১৪২৯ সনের ১লা বৈশাখ হইতে ৩১ শে চৈত্র ১৪৩১সন পর্যন্ত (ইং ১৫ই এপ্রিল ২০২২ হইতে ১৪ই এপ্রিল ২০২৫) (তিন বৎসর) ।
নীলাম আহ্বায়ক	সরকারী মীনাধার বন্দোবস্ত কমিটির পক্ষে অতিরিক্ত জেলা সমাহর্তা ও জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক , মুর্শিদাবাদ
নীলামে অংশগ্রহণকারীর যোগ্যতা	নিবন্ধিকৃত মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের সংগঠন এর যথেষ্ট উদ্যোগ ও সাংগঠনিক প্রসারতা, অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য এবং সুনাম থাকা আবশ্যক ।
আর্নেষ্টমানি (আন্তরিক অর্থ)	নীলামে অংশগ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের প্রতিনিধিকে মীনাধারের পাশে উল্লিখিত নুন্যতম ধার্য্যমুল্যের ১০ শতাংশ পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে Bank Draft মারফৎ SRO-II & DDO, DL&LRO Office, Murshidabad এর নামে জমা দিয়া নীলামে এ অংশগ্রহন করিতে হইবে ।
নীলাম সংক্রান্ত নথি	১) সংবিধিবদ্ধ নথি **(Statutory documents related to)** ক) নীলামে অংশগ্রহন করিতে হইলে আর্নেস্ট মানি হিসাবে ন্যূনতম মূল্যের ১০% (দশ শতাংশ) টাকার Bank Draft (ব্যাঙ্ক ড্রাফট) নীলামের দিন নীলামের পূর্বে S.R.O.-II & D.D.O., District Land & Land Reforms Office, Murshidabad (এস আর ও-২ এবং ডিডিও, জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, মুর্শিদাবাদ) এর অনুকুলে জমা করিতে হইবে । খ) সমিতি/ গোষ্ঠী-এর শংসাপত্র (Registration **Certificate)** গ) আয়কর দাখিল গত তিন বৎসরের (I.T. Return of last three years) ঘ) প্যান (জেরক্স) ২। অসংবিধিবদ্ধ নথি **(Non-Statutory documents related to)** ক) আনুয়্যাল টার্নওভার শেষ তিন বৎসরের (Annual Turnover of last three years)

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>গুরুত্বপুর্ণ নির্দেশাবলি</td><td>১) নিবন্ধিকৃত সক্রিয় প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের সংগঠন এর যথেষ্ট উদ্যোগ ও সাংগঠনিক প্রসারতা, অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য এবং সুনাম থাকা আবশ্যক ।

২) যোগ্য মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের সংগঠনকে নীলামে অংশগ্রহণ করিবার জন্য সরকারি নিময়গুলিকে মানিয়া চলিতে হইবে ।

৩) নীলামে অংশগ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের প্রতিনিধি দ্বারা প্রদত্ত দরপত্র তিন বৎসর বৈধ থাকিবে । (বিজ্ঞপ্তি জারির তারিখ হইতে)

৪) (ক) মীনাধারগুলি বন্দোবস্ত দেওয়ার জন্য সরকারি ন্যুনতম ধার্য্য অর্থমূল্য অত্র সংলগ্ন তালিকায় উল্লেখ করা হইল ।

(খ) নীলামে অংশগ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের প্রতিনিধিকে মীনাধারের পাশে উল্লিখিত নূন্যতম ধার্য্যমুল্যের ১০ শতাংশ পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে Bank Draft মারফৎ SRO-II & DDO, DL&LRO Office, Murshidabad এর নামে জমা দিয়া নীলামে অংশগ্রহন করিতে হইবে ।

(৫) নীলামে অংশগ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদেরকে খামের উপর জলকরের (মীনাধারের) নাম এবং দরপত্রে জলকরের (মীনাধারের)নাম ও দর উল্লেখ করিতে হইবে ।

(৬) নীলাম অনুযায়ী নিরুপিত সর্ব্বোচ্চ দরের ২৫ শতাংশ বন্দোবস্তের সময় জমা দিতে হইবে এবং লীজ রেন্টের বকেয়া সমুদয় টাকা পরবর্তী তিনমাস এর মধ্যে প্রদান করিতে হইবে । অন্যথায় সর্বোচ্চ সফল বৈধ ডাকধারির Bank Draft মারফ প্রদেয় আর্নেস্ট মানির অর্থ বাজেয়াপ্ত হইবে । তিন মাসের মধ্যে প্রথম বৎসরের লিজ রেন্টের সমুদয় অর্থ প্রদান করা না হইলে লিজ গ্রাহকের উক্ত বন্দোবস্ত তৎক্ষনাৎ বাতিল (Stand Cancelled) করা হইবে । পরবর্তী বৎসর গুলির ক্ষেত্রে বৎসর (বাংলা বৎসর) শুরু হওয়ার পূর্বেই সেই বৎসরের লিজরেন্টের সমুদয় অর্থ জমা দিতে হইবে । অন্যথায় এক মাসের নোটিশে উক্ত বন্দোবস্ত (লিজ) বাতিল হইবে এবং সেই থাতে প্রদত্ত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত হইবে ।

অধিকন্তু, সেই ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ বৈধ দরপত্র প্রদানকারী যদি ইচ্ছুক হন তাহলে অবশিষ্ট বছর গুলির জন্য প্রথম সর্বোচ্চ বৈধ দরদাতা কর্তৃক প্রদত্ত দরেই বন্দোবস্ত (লিজ)লইবেন (১ম বছর, ২য় বছর অথবা ৩য় বছর, যে কোনো ক্ষেত্রেই) এবং উক্ত জলকরে মৎস্য চাষ সংক্রান্ত কার্যাবলী একই শর্তাবলীতে চালাইয়া যাইবেন (তৃতীয় ও পরবর্তী সকল সর্বোচ্চ বৈধ দরপত্র প্রদানকারীর ক্ষেত্রে প্রযোজ্য) ।

(৭) উপযুক্ত কর্তৃপক্ষ কোনরূপ কারন না দর্শাইয়াই যে কোন মীনাধারের জলকর বন্দোবস্তকার্য স্থগিত , বাতিল বা গ্রহন করিতে পারিবেন ।

(৮) সরকার কর্তৃক অনুমোদিত হইলে মীনাধার বন্দোবস্তের জন্য সর্ব্বোচ্চ দর প্রদানকারী মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদেরকে সরকারের সহিত লিখিত চুক্তিতে আবদ্ধ হইতে হইবে ।

(৯) ডাকে অংশগ্রহন করিবার পূর্বে মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত (যদি প্রযোজ্য হয়) তাদেরকে জলকর বাবদ সমস্ত বকেয়া পাওনা পরিশোধের প্রমানপত্র দাখিল করিতে হইবে, অন্যথায় ডাকে অংশগ্রহন করিবার জন্য উপযুক্ত বিবেচিত হইবে না ।

(১০) সমস্ত মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী এবং স্বনির্ভরগোষ্ঠী যাহারা মৎস্য চাষাদি কাজের সঙ্গে যুক্ত তাদের কর্তৃপক্ষগনকে মীনাধার বিষয়ক ও জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও প্রচলিত বিধি নিষেধ মানিয়া চলিতে হইবে এবং কোন মীনাধার বা জলকর সাবলীজ করা যাইবে না । একখানি লীজ দলিল সম্পাদন করিয়া লইতে হইবে ।</td></tr>
</table>